ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৯৮৮
আগরতলা, ২৫ আগস্ট, ২০২৪

## জন্মাষ্টমী উপলক্ষে রাজ্যপালের শুভেচ্ছা

শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী উপলক্ষে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছা বার্তায় রাজ্যপাল বলেন, ‘আমরা শ্রীকৃষ্ণের জন্মজয়ন্তী কর্তব্যপরায়নতা, জ্ঞান এবং করুনার প্রতীক হিসেবে উদযাপন করি। এই উৎসব আমাদের ভালোবাসা, ন্যায় বিচার এবং ভক্তির মূল্যবোধের কথা স্মরণ করিয়ে দেয়। ভগবান শ্রীকৃষ্ণের শিক্ষা আমাদেরকে সততা, দয়া ও সম্প্রীতির বন্ধনে আবদ্ধ হয়ে গীতায় বর্ণিত নিষ্কাম কর্মের মনোভাব নিয়ে সকলকে জীবনের চলার পথে এগিয়ে যাওয়ার কথা শেখায়।’

*****